কোটচাঁদপুরে নিখোঁজ সুমাইয়ার এখনও সন্ধান পাইনি তার পরিবার

কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের সেলিম হোসেনের কন্যা সুমাইয়া (১০) বাড়ী থেকে নিখোঁজ হওয়ার এক মাস পেরিয়ে গেলেও সন্ধান পাননি তার পরিবার। শিশু সন্তানকে হারিয়ে দিশেহারা সুমাইয়ার পরিবার।

পারিবারিক সূত্রে জানা গেছে, সেলিমের স্ত্রী ৮বছর পূর্বে শিশু সুমাইয়াকে রেখে অন্যত্র চলে যান। সেই থেকে দাদী রাহেলা বেগম মায়ের আদর দিয়ে শিশু সুমাইয়াকে লালন-পালন করছিলেন। সুমাইয়ার বয়স এখন দশ বছর। পার্শ্ববর্তী পাঁচলিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণীর ছাত্রী।

গত ১৫ আগস্ট সেলিম হোসেন ও সেলিমের মা দু’জনে সুমাইয়াকে বাড়িতে একা রেখে কোটচাঁদপুর শহরে আসেন কেনা-কাটা করতে। তারা বাসায় ফিরে সুমাইয়াকে আর দেখতে পাননি।

প্রতিবেশীরাও কিছু বলতে পারে না। ৪ দিন বিভিন্ন বিভিন্ন জায়গায় খোঁজ করে সুমাইয়াকে না পেয়ে অবশেষে গত ১৯ আগস্ট কোটচাঁদপুর থানায় জিডি করেছেন নিখোঁজ সুমাইয়ার পিতা দিন মুজুর সেলিম হোসেন। এর পরও সুমাইয়াকে ফিরে পেতে পিতা সেলিম হোসেন ও দাদী রাহেলা বেগম পথে পথে ঘুরছেন। ঘুরছেন সাংবাদিকসহ বিভিন্ন এলাকার জনপ্রতিনিধি রাজনৈতিক নের্তৃবৃন্দের কাছে।

মেয়েটির উচ্চতা আনুমানিক ৩ ফুট ৩ ইঞ্চি, গায়ের রং শ্যামলা, মুখোমণ্ডল লম্বাটে, হালকা পাতলা স্বাস্থ্য। হারিয়ে যাওয়ার সময় পরনে ছাপা হলুদ রং-এর ফ্রগ ও হাফ প্যাণ্ট পরিহিত ছিল। কেউ সন্ধান পেলে নিখোঁজ সুমাইয়ার পিতা সেলিম হোসেন মোবাইল-০১৭৫৪-৪৪১৬১৮ নাম্বার অথবা স্থানীয় থানায় জানানোর জন্য বিনীত ভাবে সকলের প্রতি অনুরোধ করেছেন।

কোটচাঁদপুরে উপজেলা চেয়ারম্যানের সভা বর্জন করল অন্যান্য সদস্যরা

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি’র সেচ্চাচারিতা ও একক আদিপত্ত বিস্তারের প্রতিবাদে উপজেলা পরিষদের মাসিক সভা বর্জন করেছে উপজেলা পরিষদের ২ভাইস চেয়ারম্যান সহ ৯ জন জনপ্রতিনিধি।

বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদের মাসিক সভা থেকে ২জন উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলার সকল ইউপি চেয়ারম্যান ও সংরক্ষিত ২জন মহিলা সদস্যরা একমত পোষণ করে এই সভা বর্জন করেন।

জানা গেছে, গত বৃহস্পতিবার সকাল ১১টায় যথারীতি উপজেলা পরিষদের হল রুমে মাসিক সভা শুরু হয়। সভা চলাকালিন সময়ে জনপ্রতিনিধিরা চেয়ারম্যানের বিরুদ্ধেসেচ্চাচারিতা ও একক আদিপত্ত বিস্তারের বিষয়টি তুলে ধরেন। পরিষদ সদস্যরা দীর্ঘদিনের ক্ষোভের বিষয়টি তুলে ধরলে উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি’র সাথে অন্যান্য জনপ্রতিনিধিদের বাক-বিতন্ডা হয়। এতে ৯জন জনপ্রতিনিধি উপস্থিত স্বাক্ষর না করে সভা বর্জন করে হলরুম থেকে বেরিয়ে আসেন।

এরা হচ্ছেন, উপজেলা ভাইস চেয়ারম্যন রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকী, সাবদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলি নাসির, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খান, বলুহর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান, দোড়া ইউপি চেয়ারম্যান কাবিল উদ্দীন বিশ্বাস, সংরক্ষিত মহিলা সদস্য নাছরিন বেগম ও সুচিত্রা মালাকার।

সভা বর্জন করে ওই সকল জনপ্রতিনিধিরা সাংবাদিকদের বলেন, উপজেলা চেয়ারম্যান শরিফুননেছা মিকি’র মত আমরাও নির্বাচিত জনপ্রতিনিধি। কিন্তু উপজেলা পরিষদের সরকারী অনুদান ও বরাদ্দে’র কোন বিষয়ে উপজেলা চেয়ারম্যান আমাদের সাথে আলাপ না করে সভায় উপস্থিত স্বাক্ষর করে নিয়ে দায় সারেন। তিনি নিজের মত করে কাজ সেচ্চাচারিতা করছেন। অথচ আমরা জনপ্রতিনিধি হলেও নিজ নিজ এলাকার মানুষের জন্য কোন উপকারে আসতে পারছিনা। সভা বর্জনকারী জনপ্রতিনিধিরা বলেন, ২০১৯-২০ অর্থ বছরে এডিবি’র বরাদ্দের ক্রয়-

বিক্রয় থেকে শুরু করে বিতরণের কাজও তিনি নিজেই করেন। কখনো আমাদেরকে জানানোর প্রয়োজন মনে করেন না। যে কারণে বাধ্য হয়ে আমরা সভা বর্জনের সিদ্ধান্ত নিয়েছি। বিষয়টি লিখিত ভাবে জেলা প্রসাশক ও বিভাগীয় কমিশনারকে জানাবেন বলে তারা জানান।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন বলেন, একঘণ্টা ধরে সভা চলছিলো। বর্জনের বিষয়টি ঠিক না। তবে একটি অনাকাঙ্খিত ঘটনা ঘটেছে। এবং শেষের দিকে দুই একজন করে হলরুম থেকে বেরিয়ে গেছে। ঘটনাটি কাকতালীয় ভাবে ঘটেছে। সবার সাথে আলাপ-আলোচনার মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করার চেষ্টা করছি।
উপস্থিত স্বাক্ষরের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, কেউ উপস্থিত থেকে স্বাক্ষর না করে থাকলে তার তো স্বাক্ষর নিতে হবে। এ ঘটনায় জনপ্রতিনিধিদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এ বিষয়ে উপজেলা চেয়ারম্যান শরিফুননেছা মিকি বলেন, অন্যান্য সদস্যরা নিয়ম বহির্ভূত বায়না করলে তো হবে না । যে কোন অনুদান বা সরকারী বরাদ্দ নিয়ে কাজ করতে গেলে আমার জবাবদিহিতা রয়েছে। যে কারণে আমার এখতিয়ার অনুযায়ী কাজ করে যাচ্ছি। এতে হট্টগোল করার কিছু নেই।

কোটচাঁদপুরে বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এই শ্লোগান নিয়ে অপরাধ দমন এবং পুলিশী সেবা বাড়ীতে গিয়ে পৌঁছে দেওয়ার লক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর সভার ১,২,৩ নম্বর বিটের বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর মডেল থানার আয়োজনে স্থানীয় পৌর শহরের আদর্শ পাড়ার সনি আবাসিক হোটেল চত্তরে কার্যক্রমের উদ্বোধন করেন জেলা পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান পিপিএম। এসময় তিনি বলেন, পুলিশ জনগণের বন্ধু। জনগণের জান মালের নিরাপত্তায় পুলিশ সর্বদা কাজ করে যাচ্ছে। পুলিশি সেবা জনসাধারণের

বাড়ীতে বাড়ীতে পৌছে দিতে বিট পুলিশিং কার্যক্রম শুরু হয়েছে।

কোটচাঁদপুর মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি, উপজেলা আ. লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, মডেল থানার ওসি (তদন্ত) ইন্সপেক্টর ইমরান আলম,

পৌর ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, পৌর আ. লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ম-আহ্বায়ক শহীদুজ্জামান সেলিম, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সহ, রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী পেশার মানুষ।

কোটচাঁদপুরে ইউএনও’র নিরাপত্তায় সশস্ত্র আনসার মোতায়েন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আসাদুজ্জামান রিপনের সার্বিক নিরাপত্তার জন্য সশস্ত্র আনসার মোতায়েন করা হয়েছে।

দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার ইউএনও ওয়াহিদা খানমের উপর হামলার পর সরকারি সিদ্ধান্ত অনুযায়ী সারাদেশের ইউএনও’দের বাসভবনে সশস্ত্র আনসার মোতায়েন এর নির্দেশনা দেওয়া হয়।

তারই ধারাবাহিকতায় গত শুক্রবার (০৪ সেপ্টেম্বর) কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও)’র ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করতে চার জন সশস্ত্র আনসার সদস্য মোতায়েন করা হয়েছে। সশস্ত্র আনসার সদস্যরা ইউএনও’র কার্যালয় ও বাসভবনে দায়িত্ব পালন করছে।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় বিষয়টি নিশ্চিত

করেন।

প্রসঙ্গ, গত ২ সেপ্টেম্বর (বুধবার) রাতে দিনাজপুরের ঘোড়াঘাট উপজেলার ইউএনও ওয়াহিদা খানমের সরকারি বাসভবনে ঢুকে হামলা চালায় দুর্বৃত্তরা।

এতে ইউএনও মাথায় গুরতর আঘাত পায় এবং তার বাবাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে মারাত্মকভাবে জখম করে পালিয়ে যায়।

এ কারণে সারাদেশের ইউএনওদের নিরাপত্তা জোরদার করার সিদ্ধান্ত নিয়েছে জনপ্রশাসন মন্ত্রনালয়। ওই সিদ্ধান্ত মোতাবেক এ সকল সশস্ত্র আনসার সদস্য মোতায়েন করা হয়েছে।

কোটচাঁদপুরে প্রান্তিক চাষীদের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসের উদ্যোগে খরিপ-২/২০২০-২১ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষকদের মাঝে বিনা মূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ চত্বরে উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উপজেলার বিভিন্ন গ্রামের ৩০০ প্রান্তিক কৃষকদের মাঝে বিনা মূল্যে এই সার ও বীজ বিতরণ করা হয়।

এ উপলক্ষ্যে উপজেলা পরিষদ চত্বরে কৃষি অফিসের আয়োজনে এক অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

বিশেষ অতিথি ছিলেন থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সি

ফিরোজা সুলতানা, উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, আওয়ামী লীগ নেতা কাজী আলম ও সাবদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির প্রমুখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা কৃষি অফিসার মোঃ মহাসিন আলী।

এর আগে “কোভিড-১৯ সংকটঃ সাক্ষরতা শিক্ষায় পরিবর্তনশীল শিখন-শেখানো কৌশল এবং শিক্ষাবিদদের ভূমিকা” এই প্রতিপাদ্য বিষয় নিয়ে আর্ন্তজাতিক সাক্ষরতা দিবস পালন করা হয়। দিবসটি উপলক্ষে উপজেলা পরিষদ চত্বর থেকে উপজেলা নির্বাহী অফিসারের নের্তৃত্বে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

কোটচাঁদপুর সোনালী ব্যাংক কর্মকর্তা শাহিনুরের বিরুদ্ধে হয়রানির অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর সোনালী ব্যাংকের সিনিয়র অফিসার (ক্যাশ) শাহিনুর রহমানের বিরুদ্ধে গ্রাহক হয়রানীর অভিযোগ উঠেছে। প্রতিনিয়ত সাধারণ গ্রাহকের সাথে অসাদচরণ এখন নিত্ত নৈমত্তিক ব্যাপার।

কখনও কখনও তিনি গ্রাহকদের সাথে মারমুখী আচরণও করছেন। তার অসাদচরণের বিষয়ে শাখা ব্যবস্থপাককে অবহিত করেও কোন ফলোদয় হয়নি। বরং বাধাহীন ভাবেই তিনি গ্রাহক হয়রানী করে চলেছেন। অভিযুক্ত শাহিনুর রহমানের বাড়ি শহর সংলগ্ন উপজেলার কাগমারী গ্রামের মোল্লা পাড়ায়। বর্তমানে তিনি পৌর শহরের হাসপাতাল পাড়ায় স্থায়ীভাবে বসবাস করছেন। যে কারণে তিনি সাধারণ গ্রাহকদেরকে তোয়াক্কা করছেন না।

অভিযোগ রয়েছে, গত বৃহস্পতিবার (০৩সেপ্টেম্বর) সকালে জনৈক গ্রাহক বিদ্যুৎ বিল জমা দিতে সোনালী ব্যাংকের ক্যাশ কাউন্টারে যান। গ্রাহক বিদ্যুৎ বিলের কপি জমা দেওয়ার সময় টাকা বের করতে সামান্য বিলম্ব হতেই বেয়াদব বলে ধমক দেন। ঘটনার সাথে সাথে উক্ত গ্রাহক

বিষয়টির জোর প্রতিবাদ জানালে সিনিয়র অফিসার (ক্যাশ) শাহিনুর রহমান মারমুখী হয়ে ওঠেন। এক পর্যায়ে ব্যাংক কর্মকর্তারা বিষয়টির সম্মান জনক সমাধানের আশ্বাস দিলেও সমাধানের এখনও পর্যন্ত কোন প্রকার পদক্ষেপ নেয় নি। বিষয়টি শাখা ব্যবস্থাপক মোঃ রবিউল ইসলামকে জানালে তিনি বলেন, শাহিনুর রহমান স্থানীয় লোক। এইজন্য একটু আধটু দাপট দেখিয়েছে।

প্রসঙ্গগতঃ এই শাহিনুর রহমান মহেশপুর শাখায় চাকুরীরত অবস্থায় ব্যাংকের ভিতরে গ্রাহকদের সাথে হাতাহাতি করার মত ঘটনাও ঘটিয়েছেন। এ ব্যাপারে সোনালী ব্যাংক ঝিনাইদহের ডেপুটি জেনারেল ম্যানেজার (ডিজিএম) দীপেন্দু দাসের দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন, শাহিনুর রহমানের বিরুদ্ধে এর আগেও সাধারণ গ্রাহকের সাথে অসাদচরণের অভিযোগ রয়েছে। আমি তাকে সাবধানও করেছিলাম। তবে আবারও যখন এমন ঘটনা ঘটিয়েছে সে ক্ষেত্রে বিষটি নিয়ে নিশ্চয়ই আমি ভাববো।

কোটচাঁদপুরে আবাসিক এলাকায় পুলিশ ফাঁড়ি নির্মাণের সিদ্ধান্তের প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের কলেজ স্ট্যাণ্ডে ঘন জনবসতি এলাকায় পৌর পুলিশ ফাঁড়ির প্রস্তাবনার জায়গার বিরোধীতা করে সংবাদ সম্মেলন করেছে এলাকাবাসী ।

মঙ্গলবার বেলা ১২টার দিকে কলেজ স্ট্যাণ্ড পাড়ার মৃত মশিয়ার রহমান চেয়ারম্যানের স্ত্রী সায়েমা রহমান এলাকাবাসীর পক্ষে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য প্রদান করেন। এসময় ৭নং পৌর ওয়ার্ড কাউন্সিলর শরাফৎ হোসেন, ব্যবসায়ী লিয়াকত আলী, নাছিরউদ্দীন, শাহাজাহান হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চের সভাপতি ফায়িম শাহারিয়ার, সেক্রেটারী ফায়ান তাহামিদ হৃদয়সহ এলাকার প্রায় ২০/২৫ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সায়েমা রহমান বলেন, নিকটে থানা বা পুলিশ ফাঁড়ি থাকা নিরাপত্তার জন্য অবশ্যয় ভালো। তবে যে জায়গায় পুলিশ ফাঁড়ি করার জন্য জমির মালিক পুলিশ প্রসাসনের ঊর্ধ্বতন কর্তাদের কাছে প্রস্তাব রেখেছেন আমরা এলাকার মানুষ হিসেবে তার বিরোধীতা করছি। কেননা এটা একটি ঘন জনবসতি এলাকা।

প্রস্তাবিত ওই জমির সামনে এবং পাশ দিয়ে যে রাস্তা গেছে তা অত্যন্ত সরু রাস্তা। সে রাস্তা দুটি দিয়ে দুটি ইজিবাইক চলাচল করতে সমস্যা হয়। অথচ ওই জায়গায় সরকারের একটি গুরুপূর্ণ ব্যস্ততম প্রতিষ্ঠান পৌর পুলিশ ফাঁড়ি হলে এলাকার মানুষের চলাচলে বিঘ্নের সৃষ্টি হবে। তাছাড়া প্রস্তাবিত ৪৯ শতক জমির মধ্যে এর আগে জমি মালিকদের এক ভাই ৮শতক জমি বিক্রি করেছেন। ওই জমি ফিরিয়ে নিয়ে ইতোমধ্যে অন্য দুই ভাই হকসেবা করে আদালতে টাকা জমা দিয়েছেন। সায়েমা রহমান বলেন -ওই জমি ফিরিয়ে নিয়ে একত্রে পুলিশ ফাঁড়ির জন্য বিক্রি করবেন বলে পাঁয়তারা চালাচ্ছেন।

এদিকে জমি মালিকদের তিন ভাইয়ের মধ্যে বড় ভাই মুক্তার হোসেন বলেন- প্রায় আড়াই বছর আগে পুলিশ প্রসাশনের সাথে তাদের কথা হয়েছিল তারা জমি দেখে জমির পর্চাও নিয়ে যান। এর পরে তাদের আর কোন কথা হয়নি। তিনি বলেন এর মধ্যে তার মেঝে ভাই আক্তারুজ্জামান ৮শতক জমি বিক্রি করে দিয়েছেন।

ওই জমি ফিরিয়ে নিতে তারা ইতোমধ্যেই আদালতে টাকা জমা দিয়েছেন বলে জানান। তিনি চান ওই জমিতে পুলিশ ফাঁড়ি হোক। তিনি বলেন সম্পূর্ণ জমিটি একবারে বিক্রি হলে তারা সকলেই টাকা ভাগ করে নিতে পারবেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাবুব আলম বলেন, এক সময় জমির মালিকের সাথে কথা হয়েছিল বলে তিনি শুনেছেন। তার পর থেকে আমাদের কাছে কোন দিক নির্দেশানা আসে নাই। সে কারণে ওখানেই পুলিশ ফাঁড়ি হবে কিনা এই বিষয়ে আমার জানা নেই।

কোটচাঁদপুরে বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র আলাদা আয়োজনে দলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকাল ১১ টায় পৌর বিএনপি’র আয়োজনে শহরের পায়রা চত্তরে পৌর বিএনপি’র দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে পৌর বিএনপি’র আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন, সদস্য সচিব ফারুক হোসেন খোকন, যুগ্ন-আহ্বায়ক ফারুকুল আলম শেখা, যুগ্ন-আহ্বায়ক রুস্তম কবির, যুবদল নেতা ফয়েজ আহমেদ তুফান, যুবদল নেতা ইমদাদুল হক সহ পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা।

অন্যদিকে উপজেলা বিএনপি’র আয়োজনে শহরের মেইন বাসস্টান্ডের অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, সাবেক উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক একরামুল হক, সাবেক ছাত্র নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, বিএনপি নেতা আতিয়ার রহমান, মিজানুর রহমান শান্টু, মোহাম্মদ আলী, লিয়াকত আলী, আশরাফ আলী, ইউপি সদস্য মইদুল ইসলাম, শহিদুল ইসলাম ভূইয়া, যুবদল নেতা সাইফুল ইসলাম মিন্টু, হাফিজুর রহমান, সাবেক ছাত্র নেতা এম এ মামুন সহ বিভিন্ন ইউনিয়ন বিএনপি’র নেতা-কর্মীরা।

পরে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত সহ দল ও দেশের মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। শেষে নেতা-কর্মীদের উপস্থিতিতে কেক কাটা হয়।

কোটচাঁদপুরে এমপি’র ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ ও মাছের পোনা অবমুক্ত করণ

ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চলের ঐচ্ছিক তহবিলের চেক বিতরণ করা হয়েছে।

সোমবার বেলা ১২ টার দিকে কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ২০১৯-২০ অর্থ বছরে সংসদ সদস্যের ঐচ্ছিক তহবিলের ৬৭ হাজার টাকার এই চেক বিতরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২০ জন অসচ্ছল ব্যক্তির মধ্যে এ চেক বিতরণ করেন।

অনুষ্ঠানে এ সময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি শরিফুন্নেছা মিকি, সাধারণ সম্পাদক শাজাহান আলী, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, মহিলা ভাইস চেয়ারম্যান সাদিয়া আক্তার পিংকি, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি নুরুল ইসলাম খাঁন বাবলু, সাবেক উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলামসহ আওয়ামী লীগ ও এর অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

এর আগে উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে কপোতাক্ষ নদে ১’শ ২৬ কেজি মাছের পোনা অবমুক্ত করেন সংসদ সদস্য শফিকুল আজম খাঁন চঞ্চল। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, উপজেলা মৎস্যজীবী লীগের আহ্বায়ক মোঃ আবুল খায়ের প্রমুখ।

পারিবারিক কলহে কোটচাঁদপুরে স্কুল পড়ুয়া যুবকের আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে পারিবারিক কলহের জেরে অভিমান করে সজিব হোসেন (১৪) নামে স্কুল পড়ুয়া এক যুবক গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে। রবিবার সকালে উপজেলার সাফদাপুর বাজার পাড়ার নিজ বাড়ি থেকে তার ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ। নিহত যুবক ওই এলাকার রবিউল ইসলাম নবীর ছেলে।

খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম।

স্থানীয় সূত্রে জানাযায়, সজিব এলাকার একটি বিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্র। অভাবের সংসারে বাবা মায়ের মধ্যে প্রায়ই ঝগড়া- বিবাদ হতো। সজিব নিজেও মাঠে কাজ-কর্ম করতেন।

রবিবার ভোর সাড়ে ৫টার দিকে সজিবের মা মাঠে কাজে যেতে তাকে ডাক দেন। কোন সাড়া না পেয়ে তার রুমের ভিতরে বাঁশের আড়ার সাথে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান। পরে সজিবের মায়ের আত্মচিৎকারে স্বজনরা ছুটে আসেন।

পুলিশ ঘটনাস্থল থেকে তার মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে পাঠায়।